

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
শাখা-১৫ (কারিগরি-১)  
[www.moedu.gov.bd](http://www.moedu.gov.bd)

নং- শিম/শা:১৫/বিবিধ(সমস্যা)১৫-২/২০১১/ ৪৭৮

তারিখঃ

২৯ আশ্বিন, ১৪২১ বঙ্গাব্দ  
১৪ অক্টোবর, ২০১৪ খ্রিস্টাব্দ

বিষয় : মতামতসহ সার-সংক্ষেপ প্রেরণ প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ে কারিগরি শিক্ষা অধিদপ্তরে পৃথক মহাপরিচালক (ভোকেশনাল) পদ সৃজন করে আলাদা অর্গানোগ্রাম বাস্তবায়নের মাধ্যমে টেকনিক্যাল স্কুল ও কলেজ পরিচালনার ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত আবেদন পত্রের ছায়াছবি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

০২। এমতাবস্থায়, আবেদন পত্রে বর্ণিত পলিটেকনিক ইন্সটিটিউট প্রকল্পের সাথে ভোকেশনাল প্রকল্পের নিম্নোক্ত বৈষম্যসমূহের বিষয়ে সুস্পষ্ট মতামতসহ একটি সার-সংক্ষেপ প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- (ক) পলিটেকনিক প্রকল্পটির কার্যক্রম ভোকেশনাল প্রকল্পের কার্যক্রমের অনেক পরে শুরু হলেও পলিটেকনিক প্রকল্পটির কার্যক্রম অনেক এগিয়ে রয়েছে।
- (খ) পলিটেকনিকের রাজস্বখাতে কর্মরতদের চাকুরি নিয়মিতকরণ ও স্থায়ীকরণ করা হলেও ভোকেশনালে কর্মরতদের কাজটি দীর্ঘদিন ধরে রয়েছে।
- (গ) পলিটেকনিকের রাজস্বখাতে কর্মরত শিক্ষকদের পদোন্নতি চলমান থাকলেও ভোকেশনালে রাজস্বখাতে কর্মরত শিক্ষকদের পদোন্নতি স্থগিত রয়েছে।
- (ঘ) পলিটেকনিক কর্মচারীদের ইতোমধ্যে দুইবার পদোন্নতি দেয়া হলেও ভোকেশনালের কর্মচারীদের একবারও হয়নি।
- (ঙ) পলিটেকনিকের রাজস্বখাতে ৪ দফা নিয়োগ দেয়া হলেও ভোকেশনালে একবারও হয়নি।
- (চ) নিয়োগবিধিতে পলিটেকনিকের সকল পদ অন্তর্ভুক্ত হলেও 'খ' তফসিলে ভোকেশনালের সকল পদ অন্তর্ভুক্ত হয়নি।

সংযুক্তি: বর্ণনামোতাবেক।

মহাপরিচালক  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি, পশ্চিম আগারগাঁও  
প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা।

  
মো: হায়দার আলী মোল্লা  
সহকারী সচিব  
ফোনঃ ৯৫ ৬৪ ৫৫২